উতল-ধারা বাদল ঝরে।   সকল বেলা একা ঘরে ॥
   সজল হাওয়া বহে বেগে,   পাগল নদী ওঠে জেগে,
   আকাশ ঘেরে কাজল মেঘে,   তমালবনে আঁধার করে ॥
ওগো বঁধু দিনের শেষে   এলে তুমি কেমন বেশে—
আঁচল দিয়ে শুকাব জল,   মুছাব পা আকুল কেশে।
   নিবিড় হবে তিমির-রাতি,   জ্বেলে দেব প্রেমের বাতি,
   পরানখানি দেব পাতি— চরণ রেখো তাহার 'পরে ॥
ভুলে গিয়ে জীবন মরণ   লব তোমায় ক'রে বরণ—
করিব জয় শরম-ত্রাসে,   দাঁড়াব আজ তোমার পাশে—
   বাঁধন বাধা যাবে জ্ব'লে   সুখ দুঃখ দেব দ'লে,
   ঝড়ের রাতে তোমার সাথে   বাহির হব অভয়ভরে ॥
উতল-ধারা বাদল ঝরে,   দুয়ার খুলে এলে ঘরে।
   চোখে আমার ঝলক লাগে,   সকল মনে পুলক জাগে,
   চাহিতে চাই মুখের বাগে— নয়ন মেলে কাঁপি ডরে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Mishra Malhar
Visit www.geetabitan.com for notation and other detail